



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৪৫৮

তারিখ: ২৩/১২/২০২১ খ্রি.

সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন ০৯ টি আঞ্চলিক কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২২) এর উপর একটি ফিডব্যাক ভার্চুয়াল সভা ২৩ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট-ক) সভার শুরুতে পরিচালক প্রশিক্ষণ মহোদয় সভার অংশগ্রহণকারী সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩) জনাব মোঃ আনোয়ারুল আউয়াল খান কে অনুরোধ করেন। সভার সভাপতির অনুমোদনক্রমে সহকারী পরিচালক সভাকে অবহিত করেন যে, আমাদের ০৯টি অঞ্চল হতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন করে ই-মেইলের মাধ্যমে অত্র অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে প্রথম তিন মাস অতিবাহিত হয়েছে। ০৯টি অঞ্চলের মধ্যে ০৭ টি অঞ্চল তাদের প্রথম তিনমাসের অগ্রগতির পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করেছে। খুলনা এবং চট্টগ্রাম অঞ্চল প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করেননি। প্রাপ্ত ০৭টি অঞ্চলের প্রথম ত্রৈমাসিক অগ্রগতির পূর্ণাঙ্গ প্রতিবেদন এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। কুমিল্লা এবং বরিশাল অঞ্চল যথাযথ ভাবে অগ্রগতি প্রতিবেদন দাখিল করায় ধন্যবাদ প্রদান করা হয়। পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় সকল আঞ্চলিক পরিচালক মহোদয়দের অর্জনের সাথে সাথে যথাযথ প্রমাণক সংরক্ষণ এবং প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তগ্রহণ করা হয়।

সিদ্ধান্ত: ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অঞ্চলসমূহ এর পরিচালক মহোদয়গণ তাঁদের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) ফিডব্যাক সভার আলোকে তাঁদের কর্মপরিকল্পনার কার্যক্রম পরিচালনা করবেন এবং প্রমাণক সংরক্ষণ ও মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।

২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অঞ্চলসমূহের পরিচালক মহোদয়গণ তাঁদের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ যথাযথ সময়ে প্রেরণ করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৪৫৮

তারিখ: ২৩/১২/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১ আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

৩. সংরক্ষণ নথি

(মোঃ আনোয়ারুল আউয়াল খান)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা